



বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
University Grants Commission of Bangladesh
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
website: www.ugc.gov.bd



পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহে চুক্তিভিত্তিক শিক্ষক, Distinguished Professor ও Distinguished Expert নিয়োগ নীতিমালা-২০২১
(২৭-২-২০২২ তারিখে অনুষ্ঠিত কমিশনের ১৬১তম সভায় অনুমোদিত)

১। নামকরণ: এই নীতিমালা “পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহে চুক্তিভিত্তিক শিক্ষক, Distinguished Professor ও Distinguished Expert নিয়োগ নীতিমালা-২০২১” নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা: বিষয় অথবা প্রসঙ্গের পরিপন্থী কিছুই না থাকিলে এই নীতিমালায়-

- ক) “কমিশন” অর্থ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;
- খ) “চুক্তিভিত্তিক” (Contractual) নিয়োগ অর্থ নির্ধারিত মেয়াদে নিয়োগ;
- গ) “Distinguished Professor” অর্থ বিশ্ববিদ্যালয়ে চুক্তিভিত্তিতে নিয়োগকৃত দেশী-বিদেশী প্রথিতযশা (Outstanding) অধ্যাপক;
- ঘ) “Distinguished Expert” অর্থ বিশ্ববিদ্যালয়ে চুক্তিভিত্তিতে নিয়োগকৃত দেশী-বিদেশী প্রতিষ্ঠানে কর্মরত অথবা অবসরপ্রাপ্ত কোন বিষয়ে বিশেষজ্ঞ।

৩। নীতিমালা প্রণয়নের ভিত্তি: শিক্ষা মন্ত্রণালয়ের ১৮-০৩-২০২১ তারিখের ৩৭.০০.০০০০.০৭৯.৯৯.০০১.১৯.১০৪ স্মারকের পত্রে অনুমোদিত “পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহে শিক্ষক নিয়োগ ও পদোন্নয়নের যুগোপযোগী নীতিমালা প্রণয়নের ক্ষেত্রে ন্যূনতম যোগ্যতা নির্ধারণের নির্দেশিকা”-এর সাধারণ নিয়মাবলীর উপধারা ১৪, ১৫ ও ১৬-তে উল্লিখিত বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন প্রণীত সুনির্দিষ্ট নীতিমালা থাকার প্রয়োজনীয়তা।

৪। নীতিমালার প্রয়োগ: এই নীতিমালা দেশের সকল পাবলিক বিশ্ববিদ্যালয়ে চুক্তিভিত্তিতে শিক্ষক, Distinguished Professor এবং Distinguished Expert নিয়োগ প্রদানের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

৫। নীতিমালা প্রাধান্য: আপাতত: বলবৎ অন্য কোন নীতিমালায় যাহাই থাকুক না কেন বিশ্ববিদ্যালয়ের আইন/সংবিধি সম্মুখত থাকার শর্তে এই নীতিমালা প্রাধান্য পাইবে।

৬। চুক্তিভিত্তিক শিক্ষক/ Distinguished Professor/Distinguished Expert নিয়োগ


বিশ্ববিদ্যালয়ের কোন বিভাগে শিক্ষক স্বল্পতায় বিশেষ করিয়া সিনিয়র শিক্ষকের অভাব পরিলক্ষিত হইলে নিম্নের শর্তাবলী প্রতিপালনপূর্বক চুক্তিভিত্তিক শিক্ষক, Distinguished Professor, Distinguished Expert নিয়োগ প্রদান করা যাইবে।

- ক) চুক্তিভিত্তিক নিয়োগের বিষয়ে বিশ্ববিদ্যালয়ের বিভাগ/অনুষদ/প্ল্যানিং কমিটি'র চাহিদা থাকিতে হইবে।
- খ) নিয়োগ কার্যক্রম শুরুর বিষয়ে বিশ্ববিদ্যালয়ের যথাযথ পর্যদের (সিন্ডিকেট/রিজেন্ট বোর্ড) অনুমোদন/সুপারিশ থাকিতে হইবে।




- গ) যৌক্তিকতাসহ কমিশনে আবেদন করিয়া নিয়োগের বিষয়ে অনুমোদন নিতে হইবে।
- ঘ) কমিশনের অনুমোদনের পর কমপক্ষে দুইটি বহল প্রচলিত জাতীয় সংবাদপত্রে (বাংলা ও ইংরেজী) বিজ্ঞাপন দিতে হইবে এবং একইসাথে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রদর্শন করিতে হইবে।
- ঙ) কমিশনের একজন পূর্ণকালীন সদস্য (কমিশনের চেয়ারম্যান কর্তৃক মনোনীত)-কে বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট সিলেকশন বোর্ডে অন্তর্ভুক্ত করিতে হইবে।
- চ) নিয়োগের জন্য উপযুক্ত ব্যক্তি নির্বাচন, নির্বাচিত ব্যক্তির আর্থিক ও অন্যান্য সুবিধাদি, চাকুরির মেয়াদ ইত্যাদি সিলেকশন বোর্ড নির্ধারণপূর্বক সুপারিশ করিবে। তবে, বেতন-ভাতাদি সরকারী বেতনস্কেলের সর্বোচ্চ ধাপের চাইতে বেশি হইবে না।
- ছ) নিয়োগের সাক্ষাৎকারে প্রার্থীর সশরীর উপস্থিতি বাধ্যতামূলক নহে। তবে যোগদানের সময় প্রার্থীকে অবশ্যই শিক্ষাগত যোগ্যতার মূল সনদসহ প্রয়োজনীয় সকল দলিলাদি প্রদর্শন করিতে হইবে।
- জ) নিয়োগকৃত ব্যক্তি বিশ্ববিদ্যালয়ের কোন পর্যদের সদস্য হইতে পারিবেন না।
- ঝ) চুক্তিভিত্তিক নিয়োগের ফলে বিশ্ববিদ্যালয়ের সাংগঠনিক কাঠামোতে কোন প্রভাব পড়িবে না।
- ঞ) বিদেশি বা বিদেশে কর্মরত প্রার্থী নিয়োগ পাইলে চুক্তির সময় শেষ হইবার পর আসা-যাওয়ার বিমান ভাড়া (ডাইরেক্ট রুট ও ইকনোমি ক্লাস) প্রাপ্য হইবেন।
- ট) বিশ্ববিদ্যালয় কমিশনের অনুমোদন গ্রহণপূর্বক প্রয়োজনে চুক্তির মেয়াদ বৃদ্ধি করিতে পারিবে।

৭। এই নীতিমালায় কোন কিছু অস্পষ্ট থাকিলে বা কার্যকর করিবার ক্ষেত্রে অসুবিধা দেখা দিলে কমিশনের চেয়ারম্যান মহোদয়ের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।


ড. ফেরদৌস জামান

সচিব

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন


15/03/22

প্রফেসর ড. কাজী শহীদুল্লাহ

চেয়ারম্যান

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন